

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 (ত্রাণ কর্মসূচি-২ অধিকার্যক্ষমতা)
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৮২২.২২.০০১.১৫-৮৯

তারিখ: ০৮ জানুয়ারি, ২০১৭ খ্রি।
 ২১ পৌষ ১৪২৩ ব.।

বিষয়: গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচিতে সর্বনিয়ন্ত্রিত বরাদ্দের সিলিং পুনঃনির্ধারণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, চলতি ২০১৬-১৭ অর্থ বছরে কাবিখা কর্মসূচির সমুদয় বরাদ্দ টাকায় পাওয়া গিয়েছে। অর্থ বিভাগ প্রতি মেঝ টন গমের মূল্য ২৮,৯৯৪.৮২ টাকা ও প্রতি মেঝ টন চাউলের মূল্য ৩৭,০৯৭.০৮ টাকায় নির্ধারণ করেছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকার ৫(ক) অনুচ্ছেদ অনুযায়ী “মাটির কাজের ক্ষেত্রে একটি প্রকল্পের জন্য সর্বনিয়ন্ত্রিত বরাদ্দ হইবে ৮(আট) মেঝ টন চাউল অথবা ৯(নয়) মেঝ টন গম অথবা ৮(আট) মেঝ টন চালের অর্থনৈতিক মূল্যের সমপরিমাণ টাকা”।

চলতি ২০১৬-১৭ অর্থ বছরে সমুদয় বরাদ্দ নগদ টাকায় পাওয়া গিয়েছে বিধায় পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচি (কাবিটা) প্রকল্পের সর্বনিয়ন্ত্রিত বরাদ্দ এতদ্বারা নির্দেশক্রমে ২.০০ (দুই) লক্ষ টাকায় পুনঃনির্ধারণ করা হলো।

(মোঃ ইসমাইল হোসেন)

যুগ্মসচিব (ত্রাণ-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৮২২.২২.০০১.১৫-৮৯

তারিখ: ০৮ জানুয়ারি, ২০১৭ খ্রি।
 ২১ পৌষ ১৪২৩ ব.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঁ:

- ১। বিভাগীয় কমিশনার,..... (সকল)।
- ২। জেলা প্রশাসক, (সকল)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। ডারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ফ্যাক্স/ ইমেইল এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলের অনুকূলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ ইসমাইল হোসেন)

যুগ্মসচিব (ত্রাণ-২)

ফোনঃ ৯৫৪০১৪৩